# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৭৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যে অবস্থার কথা বর্ণনা করলাম, যদি কোন ব্যক্তি সে অবস্থায় সালাতকে বিলম্বিত করে পরবর্তীতে আদায় করে, তবে সে ব্যক্তি ভীতিকালীন সালাতের মতো আদায় করবে না, বরং স্বাভাবিক সালাতের মতো আদায় করবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمَرْءَ إِذَا أَخَّرَ الصَّلَاةَ فِي الْحَالِ الَّتِي وَصَفْنَاهَا لَهُ بَعْدَ ذَلِكَ أَنْ يُؤَدِّيَ الصَّلَوَاتِ عَلَى غَيْرِ الْمِثَالِ الَّذِي وَصَفْنَاهُ مِنْ صَلَاةِ الْخَوْفِ

---

আরবী

2879 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي ذِئْبٍ قَالَ: حَدَّثَنَا الْمَقْبُرِيُّ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ عَنْ أَبِيهِ قَالَ: حُبِسْنَا يَوْمَ الْخَنْدَقِ حَتَّى كَانَ بَعْدَ الْمَغْرِبِ وَذَلِكَ قَبْلَ أَنْ يَنْزِلَ فِي الْقِتَالِ فَلَمَّا كُفِينَا الْقِتَالَ وَذَلِكَ قَوْلُ اللَّهِ جَلَّ وَعَلَا: {وَكَفَى اللَّهُ الْمُؤْمِنِينَ الْقِتَالَ وَكَانَ اللَّهُ قَوِيًّا عَزِيزًا} [الأحزاب: 25] أَمَرَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِلَالًا فَأَقَامَ الظُّهْرَ فَصَلَّى كَمَا كَانَ يُصَلِّيهَا فِي وَقْتِهَا ثُمَّ أَقَامَ الْعَصْرَ فَصَلَّاهَا كَمَا كَانَ يُصَلِّيهَا فِي وَقْتِهَا ثُمَّ أَقَامَ الْمَغْرِبَ فَصَلَّى كَمَا كَانَ يُصَلِّيهَا فِي وَقْتِهَا.
الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2879 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (1/ 257)، ((التعليق على ابن خزيمة)) (974 و 996).

বাংলা

২৮৭৯. আবূ সা’ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “খন্দক যুদ্ধের দিন আমরা মাগরিবের পর পর্যন্ত (যুদ্ধে) ব্যতি-ব্যস্ত থাকি। এটা যুদ্ধ সম্পর্কে আয়াত অবতীর্ণ হওয়ার আগের ঘটনা। তারপর যখন আল্লাহ আমাদের জন্য যথেষ্ট হয়ে যায়, এর দ্বারা উদ্দেশ্য হয়, আল্লাহর এই বাণী, وَكَفَى اللَّهُ الْمُؤْمِنِينَ الْقِتَالَ وَكَانَ اللَّهُ

قَوِيًّا عَزِيزًا (যুদ্ধের ক্ষেত্রে মুমিনদের জন্য আল্লাহই যথেষ্ট। আল্লাহ শক্তিশালী, পরাক্রমশালী।–সূরা আহযাব: ২৫), তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বিলাল রাদ্বিয়াল্লাহু আনহুকে আদেশ করেন, তিনি যোহরের ইকামত দেন। অতঃপর তিনি সেই সালাত আদায় করেন, যেভাবে তিনি যথাসময়ে আাদায় করেন। তারপর তিনি আসরের ইকামত দেন। অতঃপর আসরের সালাত আদায় করেন, যেভাবে তিনি যথাসময়ে আদায় করতেন। তারপর তিনি মাগরিবের সালাতের ইকামত দেন। অতঃপর মাগরিবের সালাত আদায় করেন, যেভাবে তিনি যথাসময়ে আদায় করতেন।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/২৫; নাসাঈ: ২/১৭; দারেমী: ১/৩৫৮; আবূ ইয়ালা: ১২৯৬; সুনান বাইহাকী: ১/৪০২-৪০৩; আত তায়ালিসী: ২২৩১।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১/২৫৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92209

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন